মাওঃ গাংগুহী সাহেব, মীলাদ শরীফের মাহফিলে শুভজন্মের আলোচনার প্রাক্কালে কেয়াম অর্থাৎ দাঁড়িয়ে সালাত ও সালাম প্রসঙ্গে যা বলেছেন তার সার সংক্ষেপ হল :

যারা নিম্নলিখিত আকীদা পোষণ করে মীলাদ মাহফিলে শুভজন্মের মোবারক আলোচনাকালে দাঁড়ায় বা কিয়াম করে তাদের বেলায় প্রযোজ্য অন্যতায় নয় : (ক) আলোচনাকালে রূহে সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আত্মাজগত থেকে দুনিয়া আগমন করে এজন্য দাঁড়িয়ে সম্মান করা হয় বা কেয়াম করা হয়। (খ) অথবা মীলাদ মাহফিলের সময় এমন সব কাজ করা যা সত্যিকার জন্মের সময় করা হয়ে থাকে। এমন হলে তো অবশ্যই ভ্রান্তির বেড়াজালে আবদ্ধ ঐ ব্যক্তির কর্ম মজুসীদের সাথে সামঞ্জস্যবহ। (গ) মজুসী বা হিন্দুরা প্রতিবছরই তাদের খুনিরা বা শ্রীচৈতন্যের জন্মগ্রহণে বিশ্বাসী। এ কারণে তারা সত্যিকার জন্মের

Please Click Here & Join With Us

সময়ে যেসব কার্যাবলী নবজাতকের উদ্দেশ্যে করা হয়ে থাকে এ অনুষ্ঠানে এর সব কিছুই করে থাকে। (ঘ) হিন্দুস্থানের রাফেজীগণ অশুরার দিন কারবালার শহীদগণ স্মরণে বাস্তব ঘটনা সাজিয়ে মূর্তি বানায়ে, কবর খুঁড়ে, দাফন করে, যুদ্ধ সাজিয়ে, কাপড় ছিঁড়ে, রক্ত ঝরিয়ে বিলাপ করে কার্যাবলী সম্পাদন করে এমন কাজ করে থাকে। সকল স্তরের মানুষই জানে এ উদ্ভট কার্যাবলীর কথা। তাই মাওঃ গাংগুহী সাহেব নিষিদ্ধ অবৈধ নাজায়েজ ঐসব কাজকে ও জন্মাষ্টমির সাথে তুলনা করেছেন। (এমন আকীদা না রেখে হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আলোচনা বা শুভ সংবাদের সম্মানে দাঁড়ানো বা কিয়াম করাকে তিনি নাজায়েজ বলেননি।)

মাওঃ গাংগুহী সাহেব তার উর্দু ভাষায় যা বলেছেন, তার (আরবী অনুবাদের) অর্থ হল : এ আলোচনার সময় আত্মাজগত থেকে নবীপাক লোক জগতে তশরীফ আনেন তাই উপস্থিত সকলে তাকে দাঁড়িয়ে সম্মান করেন তা নির্বুদ্ধিতার পরিচায়ক কেননা তাতো সত্যিকারের জন্মসময়ে করা উচিত। কারণ জন্মতো একবারই হয়। পূনর্জন্মবাদ তো হিন্দুরাই বিশ্বাস করে। এমন করা তো তাদের কাজের সাথে সামঞ্জস্যের সামিল। তারা তাদের শ্রীচৈতন্যের জন্মকে প্রতিবচরই সত্যিকার মেনে নিয়ে তা উদযাপন করে। এদেশের রাফিজিরাা আশুরার ঘটনা নিয়েও এমন সব কাজ করে থাকে। আল্লাহ মাফ করুন বেদআতীদের এসব কাজ নিশ্চয়ই হিন্দু বা রাফেজীদের কাজের নামান্তর। তা সত্যিই হারাম অবৈধ নিন্দনীয় ও ফিসক বা নিলর্জ্জ পাপাচার। বরং বেদআতীদের আচরণ রাফেজী বা হিন্দুদের চেয়ে অনেক বেশি নিন্দনীয় কেননা তারা প্রতি বছর একবারই এ অনুষ্ঠান করে। ফরয ভেঙ্গে এ অপচয়জনিত ক্রিয়াকর্ম করতে থাকে। শরীয়ত যার কোন অবস্থান নেই, যে কোন কাজকে শরীয়তের অবশ্য করণীয় ভেবে করা হবে। শরীয়তে এমন কাজ হারাম।

ওহে জ্ঞানীগণ! আপনারা গভীর ভাবে লক্ষ্য করুন! মাওঃ গাংগুহী সাহেব হিন্দুস্থানের জাহেলদের এসব কার্যাবলীকে অস্বীকার করেছেন যে, যারা উদ্ভট বিশ্বাসে মীলাদে কিয়াম করে। তাদেরই কার্যাবলী বা বিশ্বাস ঠিক নয়। এখানে কোনক্রমেই মীলাদ শরীফের অনুষ্ঠান বা কেয়াম করাকে রাফেজী বা হিন্দুদের

Please Click Here & Join With Us

কার্যাবলীর সাথে তুলনা করা হয়নি। না কখনো আমাদের বুযুর্গ এমন কথা বলেননি বরং তার প্রতি বিদ্বেষীগ এ অপবাদই রটাচ্ছে। যা সত্যিই নিন্দনীয়।1

ত্রয়োবিংশ জিজ্ঞাসা

السوال الثالث والعشرون

هل قال الشيخ الاجل علامة الزمان المولوى رشيد احمد الكنكوهى بفعلية كذب البارى تعالى وعدم تضليل قائل ذلك ام هذا من الافتراءات عليه وعلى التقدير الثانى كيف الجواب عما يقوله البريلوى انه يضع عنده تمثال فتوى الشيخ المرحوم بفوتو كراف المشتمل على ذلك –

শায়খ আল্লামা গাংগুহী কি বলেছেন, আল্লাহ মিথ্যা বলেন, এমন কথা যে বলবে যে পথ ভ্রষ্ট নয়। তা কি সত্য? না এটা তার প্রতি কোন অপবাদ? যদি তার প্রতি এটা অপবাদ হয়ে থাকে তবে গাংগুহীর এ ফতোয়া যা বেরলভীর কাছে আছে বলে দাবি করেছেন তার জবাব কী?

الجواب

الذى نسبوا الى الشيخ الاجل الاوحد الا بجل علامة زمانه فريد عصره و اونه مولنا رشيد

---

1 বাস্তবে এখানে মীলাদ শরীফ ও কিয়াম নিয়ে যেসব কথামালা জবাবদানকারী অবতারণা করেছেন তা গভীরভাবে লক্ষনীয়। তাতে দুটি বিষয় পরিস্কার ভাবে বলা যায় (১) কোন মীলাদ মাহফিলে এমন উদ্ভট আকীদা নিয়ে কেয়াম করা হয় না। (২) তিনি অবশ্যই মেনে নিয়েছেন যে, এমন উদ্ভট বিশ্বাস ছাড়া যদি কেউ মীলাদ অনুষ্ঠানে কেয়াম করে তবে তা জায়েয। । অনুবাদক]

Please Click Here & Join With Us

احمد كنكوهى من انه كان قائلا بفعلية الكذب من البارى تعالى شانه و عدم تضليل من تفوه بذلك فمكذوب عليه رحمه الله تعالى وهو من الاكاذيب التى افتر اها الدجالون الكذ ابون فقاتلهم الله ان يؤفكون وجنابه برئ من تلك الزندقة والالحاد و يكذبهم فتوى الشيخ قدس سره التى طبعت و شاعت فى المجلد الارل من فتاواه الموسومة بالفتاوى الرشيدية على صفحة ١١٩ منها وهى عربية مصححة مختومة بختام علماء مكة المكرة– وصورة سواله هكذا

بسم الله الرحمن الرحيم

نحمده ونصلى على رسوله الكريم ما قولكم دام فضلكم فى ان الله تعالى هل يتصف بصفة الكذب ام لا ومن يعتقد انه يكذب كيف حكم افتونا ما جورين–

الجواب

ان الله تعالى منزه من ان يتصف بصفة الكذب وليست فى كلامه شائبة الكذب ابدا كما قال الله تعالى ومن اصدق من الله قيلا ومن يعتقدو يتفوه

Please Click Here & Join With Us

بان الله تعالى يكذب فهو كافر ملعون قطعا ومخالف للكتاب والسنة واجماع الامة نعم اعتقاد اهل الايمان ان ما قال الله تعالى فى القرآن فى فرعون و هامان وابى لهب انهم جهنميون فهو حكم قطعى لا يفعل خلافه ابدا لكنه تعالى قادر على ان يدخل الجنة 'وليس' بعاجز عن ذلك و لايفعل هذا مع اختياره قال الله تعالى ولوشئنا لا تينا كل نفس هداها ولكن حق القول منى لا ملئن جهنم من الجنة والناس اجمعين – فتبين من هذه الاية انه تعالى لو شاء لجعلهم كلهم مومنين ولكنه لا يخالف ما قال وكل ذلك بالاختيار لا بالا ضطرار وهو فاعل مختار فعال لما يريد هذه عقيدة جميع علماء الامة كما قال البضاوى تحت تفسير قوله تعالى ان تغفر لهم الخ وعدم غفران الشرك مقتضى الوعيد فلا امتنا ع فيه لذاته والله [redacted] كتبه الاحقر رشيد احمد كنكوهى عفى عنه خلاصة تصحيح علماء مكة المكرمة زاد الله شرفها الحمد لمن هوبه حقيق منه استمد العون والتوفيق ما اجاب به

Please Click Here & Join With Us

العلامة رشيد احمد المذكورهو الحق الذى لامحيص منه وصلى الله على خاتم النبيين وعلى اله وصحبه وسلم امربر قمه خادم الشريعة راجى اللطف الخفى محمد صالح ابن المرحوم صديق كمال الحنفى مفتى مكة المكرمة حالا كان الله لهما (محمد صالح ابن المرحوم صديق كمال) رقمه المرتجى من ربه كمال النيل محمد سعيد بن محمد بابصيل بمكة المحمية غفر الله له و لوالديه ولمشائخه وجميع المسلمين (محمد سعيد بن محمد بصيل)

الراجى العفو من واهب العطية محمد عابد بن المرحوم الشيخ حسين مفتى المالكية ببلد الله المحمية مصليا ومسلما هذا وما اجاب العلامة رشيد احمد فيه الكفاية و عليه المعمول بل هو الحق الذى لامحيص عنه رقمه الحقير خلف بن ابراهيم خادم افتاء الحنابلة بمكة المشرفة-

والجواب عما يقول البريلوى انه يضع عنده تمثال فتوى الشيخ المرحوم بفوتو كراف المشتمل على ماذكر هو انه من مختلقاته اختلقها

Please Click Here & Join With Us

ووضعها عنده تمثال فتوى الشيخ المرحوم بفوتو كراف المشتمل على ما ذكرهو انه من مختلفاته اختلقها ووضعها عنده افتراء على الشيخ قدس سره ومثل هذه الاكاذيب والاختلاقات هين عليه فانه استاذ الاساتذة فيها وكلهم عيال عليه فى زمانه فانه محرف ملبس ودجال مكار ربما يصور الامهار وليس بادنى من المسيح القادياني فانه يدعى الرسالة ظهرا وعلنا وهذا يستتر بالمجددية و يكفر علماء الامة كما كفر الوهابية اتباع محمد بن عبد الوهاب الامة خذله الله تعالى كماخذ لهم-

জবাব

'আল্লাহ মিথ্যা বলেন এমন কথা বললে পথ ভ্রষ্ট হবে না' মর্মে উক্তিটি মাওলানা গাংগুহী গায়ে এঁটে দেয়া তাঁর প্রতি অপবাদ এবং তা বিলকুল একটি বানোয়াট কথা। দাজ্জালগণ তাঁর প্রতি ওপর যতসব অপবাদ রটিয়েছে এটাও তার একটি অংশ। আল্লাহ ঐ বিদ্বেষীমহলকে ধ্বংস করুন।

মাওলানা গাগুহী রহ কুফরী থেকে পুত: পবিত্র। এদের ঐ দাবির খন্ডন তো মাওলানার ঐ বিষয়ক ফতোয়াতেই রয়ে গেছে। ফতোয়ায়ে রশিদিয়ার প্রথম খন্ড ১১৯ পৃষ্ঠায় বর্ণিত রয়েছে। যা ছাপা হিসেবে প্রকাশিত আছে এবং এ ফতোয়াটি মক্কা মুকররমার আলেমগণ কর্তৃক ও সত্যায়িত।

তাঁর প্রতি যে প্রশ্ন প্রেরণ করা হয়েছিল : তা হল, আল্লাহর গুণাবলীর সাথে মিথ্যা কথাকে সম্পৃক্ত করা যায় কী না? যদি কেউ এমন আকীদা পোষণ করে যে,

Please Click Here & Join With Us

আল্লাহ মিথ্যা বলেন, তবে শরীয়তে ঐ ব্যক্তির অবস্থান কী? আপনি রায় দিন। আল্লাহ আপনাকে সাওয়াব দেবেন।

তদুত্তরে মাও: সাহেব বলেন, মিথ্যা বলার সাথে আল্লাহর কখনো সম্পৃক্ত বা গুণান্বীত নন। বরং নি:সন্দেহে তিনি এ থেকে পাক ও পবিত্র। তাঁর কোন কালামে (কথায়) মিথ্যার কোন নাম গন্ধও নেই। যেমন তিনি বলেন, আর কে আছে আল্লাহ থেকে অধিক সত্যবাদী? যদি কোন ব্যক্তি 'আল্লাহ মিথ্যা বলেন,' এমন আকীদা পোষণ করে তবে সে কাফের। অকাট্যভাবে অভিশপ্ত। আল্লাহকে এমন বিশ্বাস করা কুরআন, সুন্নাহ ও ইজমা পরিপন্থি। তবে হ্যাঁ, ঈমানদারদের এ আকীদা পোষণ করা অবশ্যই জরুরী যে, ফেরাউন, হামান ও আবু লাহাবের ব্যাপারে আল্লাহ কুরআনে কারীমে বলেছেন, ওরা জাহান্নামী তা অকাট্য। ওর উল্টো অন্যতা কখনো হবে না হতেও পারে না।

কিন্তু আল্লাহ ওদের জান্নাতে প্রবেশ করাতেও নিশ্চয় সক্ষম। মোটেও অক্ষম নয়। তবে নিশ্চয় তিনি তার পক্ষ থেকে এমন করবেন না। কেননা তিনি বলেন, "আমি চাইলে সকল আত্মাই হেদায়ত প্রাপ্ত হয়ে যেত। কিন্তু আমার কথাই সঠিক যে মানব ও দানব জাতির মধ্য থেকেই আমি জাহান্নাম পরিপূর্ণ করব।"

এ আয়াতে প্রমাণিত হয়, আল্লাহ চাইলে সকলেই মুমিন হয়ে যেত কিন্তু তিনি তার কথার বিপরীত করেন না কখনো। তবে এটা তার অক্ষমতা নয় বরং তিনি যা ইচ্ছা তাই করতে পারেন। সমগ্র মুসলিম মিল্লাতেরই এ আকিদা বা বিশ্বাস।

এমত বায়জাবী রহ. ان تغفر لهم الخ এর তাফসীরে লিখেছেন মুশরিকদের ক্ষমা না করে দেয়া আল্লাহর ওয়াদার চাহিদা। কিন্তু আল্লাহর জন্য মাফ না করে দেয়ার কোন বাধ্যবাধকতা নেই। (আল্লাই এর মর্মার্থ ভাল জানেন) তাই মাও: গাংগুহি লিখেছেন।

এর প্রতি উত্তরে মক্কা শরীফের আলেমগণ যা লিখেছেন তার সার সংক্ষেপ হচ্ছে :

মাও: রশিদ আহমদ গাংগুহী যা লিখেছেন, তাই সঠিক। এর কোন ব্যতয় নেই।

তা লেখার নির্দেশ দিয়েছেন, মক্কা শরীফের শাফেয়ী মুফতি মুহাম্মদ সালেহ ইবনে ছিদ্দিক কামাল (রহ.)। লেখক, মুহাম্মদ সাঈদ বিন বুসাইল। মুহাম্মদ আবিদ বিন হুছাইন রহ.মালেকী মুফতি, মক্কা শরীফ হাম্বলী মাযহাবের মুফতি খলফ বিন ইবরাহীমের উক্তি মাও: রশিদ আহমদের জবাব পরিপূর্ণ তাই নির্ভরযোগ্য ও সত্য।

Please Click Here & Join With Us

বেরলবী বলেছেন যে, তার কাছে মাওলানার জরাবে ফটোকপি আছে। তার জবাব হল। মাওলানার ওপর অপবাদ রটানোর স্বার্থে তা তাদের তৈরি মনগড়া একটি রায়। যা তার কাছে সংরক্ষিত এমন রটনা তৈরি করা তার জন্য সহজ কেননা তিনি এতে খুবই পটু এমনকি এ বিষয়ের একজন শিক্ষক। যুগের মানুষ তারই দোসর। বিকৃতি, মিশ্রণ অতিরঞ্জন প্রতারণাই তার স্বভাব। সে বেশিরভাগ সীল তৈরি করে নেয়। কাদিয়ানী থেকে কোন অংশেই কম নয়। কাদেয়ানী সরাসরি নবুয়তের দাবিদার আর সে নিজেকে মুজাদ্দিদ সাজিয়ে মিল্লাতের উলামাদের কাফির বলে থাকে। যে মত মুহাম্মদ বিন আব্দুল ওহ্হাব ও তার দুসরগণ উলামায়ে উম্মতকে কাফির বলে থাকে।

আল্লাহ যেন ওকে ওদের মতই লজ্জিত ও লাঞ্ছিত করেন।

السوال الرابع والعشرون

هل تعتقدون امكان وقوع الكذب فى كلام من كلام المولى عزوجل سبحانه أم كيف الامر؟

চতুর্থাবিংশ জিজ্ঞাসা!

আল্লাহ্ কোন কালাম মিথ্যা পরিণত হবার সম্ভাবনা আছে এমন আপনারা আকিদা কী পোষণ করে থাকেন? অথবা এখানে আপনাদের ধারক ও অবস্থান কী?

الجواب

نحن ومشائخنا رحمهم الله تعالى نذعن ونتيقن بان كل كلام صدر عن البارى عزو جل اوسيصدر عنه فهو مقطوع الصدق مجزوم بمطابقته للو اقع وليس فى كلام من كلامه تعالى شائبة كذب و مظنة خلاف أصلابلا شبهة ومن اعتقد خلاف ذلك أو توهم بالكذب فى شيى من

Please Click Here & Join With Us

كلامه فهو كافر ملحد زنديق ليس لـــه شـــائبة مـــن الايمان–

উত্তর : আমরা ও আমাদের মাশায়েখ সর্বান্তকরণে বিশ্বাস করি, যত কথাই আল্লাহ্ তায়ালার পক্ষ থেকে প্রকাশিত হয়েছে অথবা অচিরেই হবে তা যথাযথ ও ঘটনা সাপেক্ষ তা নির্ভেজাল ও নিখাদ অকাট্য সত্য। তাতে মিথ্যার কোন রেশ নেই বা তা মিথ্যা পরিণত হবারও কোন প্রকার সন্দেহ বিলকুল নেই। কেউ যদি এর বিপরীত অর্থাৎ হক তায়ালার কোন কথা মিথ্যা পরিণত হবার সম্ভাবনায় বিশ্বাস করে তবে সে কাফের, মুলহিদ ও জিনদিক। তার কাছে বা তার মধ্যে ঈমানের কোন বু-বাতাস ও থাকার সম্ভাবনা নেই।

السوال الخامس العشرون

هل نسبتم فى تاليفكم الـــى بعـــض الاشـــعرة القـــل بامكان الكذب و على تقديرها فمـــا المـــراد بـــذلك و هل عند كم نص على هذا المذهب مـــن المعتمـــدين بينوا الأمر لنا علٰى وجهه–

পঞ্চবিংশ জিজ্ঞাসা :

আশাইরীয়দের প্রতি আপনারা আপনাদের কোন লেখনিতে 'ইমকানে কিযব' বা মিথ্যার সম্ভাবনার কথা উল্লেখ করেছেন কি? যদি এমন উল্লেখ করে থাকেন তবে এর দ্বারা কী বুঝাতে চেয়েছেন? এ মতবাদের ওপর নির্ভরযোগ্য উলামাগণের কোন সনদ বা প্রমাণ তোমাদের কাছে আছে কী? প্রকৃত বিষয়টি আমাদের বর্ণনা করুন।

الجواب

الاصل فيه انه وقع النزاع بيننـــا وبـــين المنطقيـــين من أهـــل الهنـــد والمبتدعـــة مـــنهم فـــى مقدوريـــة

Please Click Here & Join With Us

خلاف ماوعدبه الباری سبحانه وتعالی او اخبربه اور اراده وامثالها فقالوا ان خلاف هذه الاشیاء خارج عن القدرة القدیمة مستحیل عقلا لا یمکن أن یکون مقدور اله تعالی واجب علیه ما یطابق الوعد والخبر والارادة والعلم وقلنا ان امثال هذه الاشیائ مقدور قطعا لکنه غیر جائز الوقوع عند أهل السنة والجماعة من الا شاعرة والماتریدیة شرعاو عقلا وشرعا فقط عند الأشاعرة فاعترضوا علینا بأنه ان أمکن مقدوریة هذه الأشیاء لزم امکان الکذب وهوغیر مقدور قطعا ومستحیل ذاتا فاحبناهم باجوبة شتی مما ذکره علماء الکلام منها لوسلم استلزام امکان الکذب لمقد وره خلاف الوعد والأخبار وامثالهما فهو أیضاغیر مستحیل بالذات بل هومثل السفه والظلم مقدور ذاتا ممتنع عقلا و شرعا اوشرعا فقط کما صربه غیر واحد من الأمة فلما راو هذه الأجوبة عثو افی الارض ونسبوا الینا تجویز النقص بالنسبة الی جنابه تبارك وتعالی وأشاعوا هذا الکلام بین السفهاء والجهلاء تنفیرا

Please Click Here & Join With Us

اللعوام وابتغاء الشهوات والشهرة بين الأنام وبلغو أسباب سموات الافتراء فوضعو اتمثالا من عندهم الفعلية الكذب بلامخافة عن الملك العلام ولما اطلع اهل الهند على مكائد هم استنصروا بعلماء الحرمين الكرام لعلمهم بانهم غافلون عن خباثاتهم وعن حقيقة اقوال علماءنا وما مثلهم فى ذلك الاكمثل المعتزلة مع اهل السنة و الجماعة فانهم اخرجوا اثابة العاصى وعقاب المطيع عن القدرة القديمة وأوحبوا العدل على ذاته تعالى فسموا أنفسهم اصحاب العدل والتنزيه ونسبوا علماء اهل السنة والجماعة الى الجوروالا عتساف والتشويه فكما ان قدماء اهل السنة والجماعة لم يبالوابجهالا تهم ولم يجوز وا العجز بالنسبة اليه سبحانه وتعالى فى الظلم المذكور وعمموا القدرة القديمة مع ازالة النقائص عن ذاته الكاملة الشريفة واتمام التنزيه والتقديس لجنابه العالى قائلين ان ظنكم المنقصة وفى جواز مقدورية العقاب للطائع والثواب للعاصى انما هو وخامة الفلسفة الشنيعة كذلك

Please Click Here & Join With Us

قلنا لهم ان ظنكم النقص بمقدوره خلاف الوعدوالاخبار والصدق وامثال ذلك مع كونه ممتنع الصدورعنه تعالى شرعا فقط أو عقلا وشرعا انما هومن بلاء الفلسفة والمنطق وجهلكم الوخيم فهم فعلمواما فعلوا لأجل التنزيه لكنهم لم يقدرواعلى كمال القدرة وتعميمها و أما أسلافنا أهل السنة والجماعة فجمعوابين الامرين من تعميم القدرة وتتميم التنزيه للواجب سبحانه وتعالى وهذا الذى ذكر ناه فى البراهين مختصرا وهاكم بعض النصوص عليه من الكتب المعتبرة فى المذهب-

١ قال فى شرح المو اقف اوجب جميع المعتزلة والخوارج عقاب صا حب الكبيرة اذامات بلاتوبة ولم يجوزوا ان يعفوا الله عنه بوجهين- الاول انه تعالى اوعد بالعقاب على الكبائر واخبربه اى بالعقاب عليها فلولم يعاقب على الكبيرة وعفالزم الخلف فى وعيده والكذب فى خبره وانه محال والجواب غايته' وقوع العقاب فاين وجوب العقاب الذي كلامنا فيه اذ لا شبهة فى ان عدم

Please Click Here & Join With Us

الوجوب مع الوقوع لا يستلزم خلفاولا كذبالا يقال انه يستلزم جوازهما وهو ايضامحال لانا نقول استحالته ممنوعة كيف وهمامن الممكنات التى تشتملهما قدرته' تعالى أه-

٢ وفى شرح المقاصد للعلامة التفتازانى رحمه الله تعالى فى خاتمة بحث القدرة المنكرون لشمول قدرته طوائف منهم النظام واتباعه القائلون بانه لا يقدر على الجهل والكذب والظلم وسائر القبائح اذ لوكان خلقها مقدور اله لجاز صدوره عنه واللازم باطل لا فضائه الى السفه ان كان عالما بقبح ذلك وباستغنائه عنه والى الجهل ان لم يكن عالما- والجواب لا نسلم قبح الشئى بالسة اليه كيف وهو تصرف فى ملكه ولو سلم فالقدرة لاتنافى امتناع صدوره نظرا الى وجود الصارف وعدم الداعى وان كان ممكنا أه ملخصه-

٣ قال فى المسائرة وشرحه المسامرة للعلامة المحقق كمال بن الهمام الحنفى وتلميذه ابن ابى الشريف المقدسى الشافعى رحمهما الله تعالى ما

Please Click Here & Join With Us

نصه ثم قال اى صاحب العمدة ولايوصف أالله تعالى بالقدرة على الظلم والسفه والكذب لان المجال لا يدخل تحت القدرة اى يصح متعلقا لها وعند المعتزلة يقدر تعالى على كل ذلك ولايفعل انتهى كلام صاحب العمدة وكانه انقلب عليه مانقله عن المعتزلة اذ لا شك ان سلب القدرة عما ذكر هومذهب المعتزلة وأما ثبوتها أى القدرة على ما ذكرتم الا متناع عن متعلقها اختيارا فهو بمذهب الاشاعرة اليق منه بمذهب المعتزلة ولايخفى ان هذا الاليق ادخل فى التنزيه ايضا اذلا شك فى ان الامتنا ع عنها اى عن المذكورات من الظلم والسفه والكذب من باب التنزيهات عما لايليق بجناب قدسه تعالى فليسر (باللبناء للمفعول) اى يختبر العقل فى ان اى الفصلين ابلغ فى التنزيه عن الفحشاء اهوا القدرة عليه اى على ما ذكر من الأمور الثلثة مع الامتنا ع اى استناعه تعالى عنه مختار الذلك الا متناع او الا متناع اى امتناعه عنه لعدم القدرة

Please Click Here & Join With Us

عليه فيجب العول بادخل القولين فى التنزيه وهو القول اليق بمذهب الاشاعرة أه –

٤ وفى حواشى الكلبنوى على شرح العقائد العضدية للمحقق الدوانى رحمهما الله تعالى ما نصه وبالجملة كون الكذب فى الكلام اللفظى قبيحا بمعنى صفة نقص ممنوع عند الأ شاعرة ولذاقال الشريف المحقق انه من جملة الممكنات وحصول العلم القطعى لعدم وقوعه فى كلامه تعالى باجماع العلماء والانبياء عليهم السلام لا ينافى امكانه فى ذاته كسائر العلوم العادية القطعية وهو لاينافى ما ذكره الامام الرازى الخ–

٥ وفى تحرير الأصول لصاحب فتح القدير الامام ابن الهمام وشرحه لابن امير الحاج رحمهما الله تعالى ما نصه وحينئذاى وحين كان مستحيلا عليه ما ادرك فيه نقص ظهر القطع باستحالة اتصافه اى الله تعالى بالكذب ونحوه تعالى عن ذلك وايضا لولم يمتنع اتصاف فعله بالقبح يرتفع الا مان عن صدق وعده وصدق خبر غيره اى الوعد منه تعالى وصدق النبوة اى

Please Click Here & Join With Us

لم يجزم بصدقه اصلا وعند الاشاعرة كسائر الخلق القطع بعدم اتصافه تعالى بشيى من القبائح دون الاستحالة العقلية كسائر العلوم التى يقطع فيها بان الواقع احد النقيضين مع عدم استحالة الاخر لو قدرانه الواقع كالقطع بمكة و بغداد اى بوجود هما فانه لا يحيل عدمهما عقلا وحينئذ اى وحين كان الامر على هذا لايلزم ارتفاع الأ مان لانه لا يلزم من جواز الشئى عقلا عدم الجزم بعدمه والخلاف لجارى فى الاستحالة والامكان العقلى جار فى كل نقيضه اقدرته تعالى عليها مسلوبة ام هى اى النقيضة بها اى بقدرته مشمولة والقطع بانه لا يفعل اى والحال القطع بعدم فعل تلك النقيضة الخ- ومثل ما ذكرناه عن مذهب الاشاعرة ذكره القاضى العضد فى شرح مختصر الاصول واصحاب الحواشى عليه ومثله فى شرح المقاصدو حواشى المو اقف للحلبى وغيره وكذلك صربه العلامة الفوشجى فى شرح التجريد والقونوى وغيرهم اعرضنا عن ذكر نصو صهم مخافة الاطناب والسامة والله المتولى للرشاد والهداية-

জবাব ঃ এখানে মূল ঘটনা হল, হিন্দুস্থানের যুক্তিবাদী বিদআতীগণ ও আমাদের মাঝে এ বিষয় বিতর্ক/বিতন্ডা চলছে যে, আল্লাহ যা কিছুর ওয়াদা করেছেন, যা

Please Click Here & Join With Us

কিছু ঘোষণা দিয়েছেন বা কোন ইচ্ছা ব্যক্ত করেছেন, এর বিপরীত কোন কিছু করতে তিনি সক্ষম কি না?

যুক্তিবাদী বিদআতীদের মতে আল্লাহ এগুলো করতে সক্ষম নন এবং জ্ঞানত: তা অসম্ভবও এমন কাজে সক্ষম হওয়ার সম্ভাবনাই নেই। আল্লাহর ওয়াদা, খবর, ইরাদা মোতাবেকেই কার্যক্রম সম্পাদন করা তাঁর জন্য ওয়াজেব।

আমাদের মতে আল্লাহর সক্ষমতার বাহিরে কিছুই নেই এগুলো করতেও তিনি সক্ষম। আহলে সুন্নাত ওয়াল জামাআতের মাতুরিদিয়ার মতে এমন কার্যাবলী আল্লাহর পক্ষ থেকে সংগঠিত হওয়া শরা ভিত্তিক ও বুদ্ধিভিত্তিক দিক দিয়ে জায়েয নয়। আর আশাইরীয়দের মতে শুধু শরিয়ত গত দিকেই জায়েয নয়।

যুক্তিবাদী বিদআতীগণ বলে, যদি এমন কার্যাবলী করতে আল্লাহ সক্ষম হন তবে তাঁর ওপর মিথ্যার সম্ভাবনা থেকেই যায়। লাযিম হয়ে যায়। তাই মূলত: এমন কাজের কুদরত আল্লাহর নেই এবং সত্তাগত দৃষ্টিতে তা অসম্ভবও বটে।

তাই তাদের পক্ষ থেকে উত্থাপিত কতিপয় প্রশ্নের জবাব দেয়া হয়েছিল এবং জবাবে উল্লেখ করা হয়েছিল যে, যদি-ই বা ওয়াদা-ইচ্ছা ইত্যাদির বিপরীত কোন কোন কিছু করার কুদরত আল্লাহর নেই মেনে নিয়ে ইমকানে কিযব বা মিথ্যার সম্ভাবনা স্বীকার করে নেয়া হয় তবুও তা স্বত্তাগত দিক দিয়ে অসম্ভব বটে বরং সত্ত্বাগত দিক দিয়ে নির্বুদ্ধিতা বা অত্যাচার কুদরতের অন্তর্ভুক্ত। হয়ত তা বুদ্ধিগত ও শরা গত দৃষ্টিকোণে অথবা শুধু শরঈ দৃষ্টিকোণে নিষিদ্ধ। যোগ্যতম উলামায়ে কেরাম তা ব্যাখ্যা করে উত্তর দিয়েছেন। যখন তারা এ জবাব প্রত্যক্ষ করল তখন দেশে ফিৎনা সৃষ্টির লক্ষ্যে আমাদের প্রতি এ অপবাদ রটনা করে ফেলে যে, আমরা আল্লাহর সাথে নকছ (মন্দ কাজে লিপ্ত) কে বৈধ মনে করে থাকি এবং সাধারণ মানুষের ঘৃণা সৃষ্টির লক্ষ্যে তাদের নির্বোধ জাহিল দোসরগণ এ উদ্ভট কথামালাকে খুবই জোরে সোরে প্রচার ও প্রসার করেছে এবং অপবাদ রটানোর ক্ষেত্রে এমন নিপূণতার পরিচয় দিয়েছে যে, নিজের তৈরি কাগজের ফটোকপিকে আমাদের নামে চালিয়ে দিতে পেরেছে। এমন ন্যাক্কার প্রতারণা সম্পর্কে অবহিত হয়ে যায় তখন সে হারামাইন শরীফাইনের উলামায়েকেরামের আশ্রয় প্রার্থনা করে। সে মনে করেছিল ঐ মহতিগণ তার কুকর্ম ও আমাদের উলামায়ে কেরামের অবস্থান সম্পর্কে অজ্ঞ। এ বিষয়ে তাদের ক্ষেত্রে আমাদের অবস্থান হল ওরা মুতাযিলা আর আমরা আহলে সুন্নাত ওয়াল জামাত। কেননা মুতাজিলারা এই মনে করে আসহাবে আদল সেজেছে পাপীকে শাস্তি না দেয়া ও পূণ্যবানকে

Please Click Here & Join With Us

শাস্তি দেয়া আল্লাহর সত্তাগত কুদরতের বাহিরে। মুতাজিলারা উলামায়ে আহলে সুন্নাতের ওপর এ বিষয় দোষারোপের ফতোয়া দিয়ে থাকে। সুন্নী উলামায়ে কেরাম তাদের অজ্ঞতা প্রসূত এ ফতোয়া বা দোষারূপের প্রতি ভ্রূক্ষেপ না করে এ রায়ই দিয়েছেন যে, আল্লাহ কোন ক্ষেত্রেই অক্ষম নন এবং আল্লাহর অক্ষমতা মেনে নেয়া মোটেই বৈধ নয়। বরং চিরন্তন সেই সত্তার শর্তহীন সক্ষমতার বিষয়ে সন্দেহ ও সংশয় দূর করে আল্লাহপাকের পূত:পবিত্রতার পরিপূর্ণতার বিশ্বাস রেখে এই বলে থাকেন যে, পূণ্যবানদের শাস্তি অথবা পাপীদের পুরস্কৃত করতে আল্লাহকে সক্ষম বিশ্বাস করলে আল্লাহর ক্ষমতার ঘাটতি হবে বিশ্বাস করাটা ভ্রান্ত দর্শনের অজ্ঞতা মুর্খতা বা নির্বুদ্ধিতারই পরিচায়ক হবে নিশ্চয়। আমরা ও এই উত্তর দিয়েছি যে, প্রতিশ্রুতি বা সংবাদ এর পরিপন্থি করাটা কুদরতের আওতাভুক্ত মেনে নেয়াটা শুধু শরয়ী বা আকলী উভয়দিক দিয়েই নিষিদ্ধ। তবে মেনে নেয়া আল্লাহর কুদরতের পরিপন্থি বুঝে নেয়া ওদের অজ্ঞতা, অবান্তর যুক্তি ও ভ্রান্তদর্শনেরই ফসল। ঐ বিদআতীগণ আল্লাহকে পূত পবিত্রকরণে যা কিছু করেছে আল্লাহর পরিপূর্ণ ও শর্তহীন কুদরতের প্রতি কোন খেয়াল করেনি।

আমাদের সলফে সালেহীন আহলে সুন্নাত ওয়াল জামাতের অনুসারীগণ উভয়দিক বিবেচনা করে উপর্যুক্ত বিষয়ে আল্লাহর কুদরতের শর্তহীনতা ও পবিত্রতার পরিপূর্ণতার অক্ষুণ্ন রেখেছেন যা আমাদের 'বারাহিন' শীর্ষক গ্রন্থে বর্ণনা করেছি। এখন প্রকৃত মতবাদের ক্ষেত্রে গ্রহণযোগ্য গ্রন্থাবলী থেকে বৈষয়িক কিছু আলোচনা তুলে ধরা হল।

এক. শারহুল মাওয়কিফ গ্রন্থে উল্লেখ আছে যে, সকল মুতাযিলা ও খারেজীগণ বিশ্বাস করে যে, কবীরা গুনাহকারীগণ যখন মৃত্যুবরণ করে তখন তাকে শাস্তি দেয়া আল্লাহর জন্য ওয়াজিব এর বিপরীত কিছু করা আল্লাহর জন্য বৈধ নয়। তারা এর দুটি কারণ উল্লেখ করে বলে থাকে যে, ওকে শাস্তি না দিলে আল্লাহ প্রতিশ্রুতি ভঙ্গ করবেন এবং তিনি যে খবর দিয়েছেন তা মিথ্যা প্রমাণিত হয়ে যাবে। কিন্তু তাতো অসম্ভব। আমরা প্রতিউত্তরে বলে থাকি খবর ও প্রতিশ্রুতিতে বড়জোর শাস্থির বিষয়টি নিশ্চিত হয়ে থাকে কিন্তু তা যে ওয়াজিব সে বিষয়টি প্রমাণিত হয় না। এখানে যা আলোচ্য তা হল, ওয়াজিব না হয়ে (আল্লাহর জন্য) শাস্তি আরোপ করা হলে প্রতিশ্রুতি ভঙ্গ বা মিথ্যার সম্ভাবনা কোনটিরই কোন উৎস থাকে না। এতে তো আর কেউ বলবেনা যে, ওয়াদা ভঙ্গ বা মিথ্যার আরোপ প্রয়োজনীয় হয়ে পড়ে। তাও তো অসম্ভব। আমরা এর অসাম্ভাব্যতার বিশ্বাসী

Please Click Here & Join With Us

নই। কেনইবা অসম্ভব হবে যেখানে প্রতি শ্রুতি ভঙ্গ বা মিথ্যা আরোপের কোন অবকাশই তো নেই। একে আমরা আল্লাহর কুদরতের সাথে কেনইবা সম্পৃক্ত করব। কারণ মিথ্যার সম্ভাবনা ওয়াদা ভঙ্গের বিষয়টি পুরোপুরি আল্লাহর পবিত্রতার পরিপন্থি।

(দুই)

'শরহে মাকাছিদ' শীর্ষক গ্রন্থে আল্লামা তাফতাজানী রহ.'আল্লাহর কুদরত' বিষয়ে আলোচনার শেষাংশে লিখেছেন, আল্লাহর কুদরতকে কয়েকটি দল অস্বীকার করে থাকে। একদল হল 'নেজাম ও তার দোসরগণ'। তারা বলে থাকে অজ্ঞতা, মিথ্যা, যুলুমসহ এমন নিন্দিত ক্রিয়া কলাপ আল্লাহর কুদরতের বাহিরে। কেননা, এসব বিষয় সৃষ্টি করা যদি তার কুদরতের আওতাভুক্ত হয় তবে এমন কর্মকান্ড তা থেকে প্রকাশ পাওয়া ও বৈধ হয়ে যাবে। আর মূলত: আল্লাহর কাছে এর প্রকাশ পাওয়াটা ও অবৈধ। আর ঐ মন্দ জ্ঞানের প্রতি ভ্রুক্ষেপহীন ভাবে তা থেকে প্রকাশিত হয়ে গেলে তার নির্বুদ্ধিতা প্রমাণিত হয়ে যাবে আর যদি না জানেন তবে তার অজ্ঞতা প্রমাণিত হয়ে যাবে। প্রতি উত্তরে বলব, আল্লাহর সাথে কোন মন্দ কাজের সম্পৃক্তি আমরা মানি না। এজন্য যে, তার আধিপত্যে কোন প্রকার রদ বদল করা মন্দ হয় না। আর যদি মেনেই নেয়া যায় যে, মন্দের সম্পর্ক মন্দের সাথে হয়ে থাকে। তখন আল্লাহর কুদরত প্রকাশিত না হওয়ার পরিপন্থী নয় বরং এও হতে পারে যে, মূলত: তা কুদরতের আওতাভুক্ত। কিন্তু নিষিদ্ধতা বা প্রকাশিত হওয়ার কারণ বিদ্যমান থাকার কারণে তা সংগঠিত হওয়া অসম্ভব।

[তিন]

'মাসাইরা' শীর্ষক গ্রন্থ ও তাঁর ব্যাখ্যা গ্রন্থ 'মাসামিরা'তে আল্লামা কামালউদ্দীন ইবনুল হুমাম হানাফী ও তাঁর শিষ্য ইবনে আবু শরীফ মাকদিসী (রাহ.) ও 'উমদা' শীর্ষক গ্রন্থের লিখক এর ব্যাখ্যা উল্লেখ করে বলেন, আল্লাহকে এ বলা যায় না যে, তিনি যুলুম, সাফাহ এবং মিথ্যা বলতে সক্ষম হবার গুনে গুণান্বিত। (কেননা হতে পারে, প্রতিশ্রুতি ভঙ্গ ও মিথ্যাবলীর সম্ভাবনা এর আওতাভুক্ত যা আল্লাহর কুদরতের আওতাভুক্ত)। কোন প্রকার অসাম্ভব্যতা আল্লাহর কুদরতের বহির্ভূত নয়। আল্লাহর কুদরত সম্পর্কিতএমন ধারণা মোটেই ঠিক নয়। মুতাজেলারা বলে থাকে, আল্লাহর এ ধরনের কাজ করতে সক্ষম কিন্তু করবেন না কখনো। উমদাহ গ্রন্থকারে এ উক্তির জবাবে ইবনুল হুমাম বলেন, উমদাহ

Please Click Here & Join With Us

গ্রন্থকার মুতাজিলাদের যে উক্তি উল্লেখ করেছেন তা হযবরল হয়ে গেছে। উল্লেখিত কার্যাবলীকে আল্লাহর ক্ষমতা বহির্ভূত বলাই মূলত: মুতাযিলাদের লক্ষ্য। আর উল্লেখিত কার্যাবলী আল্লাহর (ক্ষমতার) কুদরতের আওতাভুক্ত কিন্তু স্বেচ্ছায় তা করতে পারেন না।

এখানে আশারীয়দের অত্যাধিক যুক্তিযুক্ত এবং এই যুক্তিযুক্ত কথায় আল্লাহর পুত পবিত্রতা ব্যাপক ভাবেই প্রকাশিত হয়ে থাকে। এটা নি:সন্দেহ যে, অত্যাচার নির্বুদ্ধিতা বা মিথ্যা থেকে বিরত থাকা তাঁর পুতপবিত্রতারই অংশ। তার সুমন্নত মর্যাদার পরিপন্থী। বরং বিবেকের পরীক্ষায় এ দু'অবস্থার যে কোনটিতে আল্লাহর পুত:পবিত্রতা অধিক হারে প্রকাশিত হয়ে থাকে? এখন আসা যাক ঐ তিন মন্দ কর্মকে কুদরতের আওতাভুক্ত মেনে নিয়ে সংযমশীলতা ও ইচ্ছাতে তা সম্পাদনের বা সংগঠনের পরিপন্থী বলা অধিক পুত:পবিত্রতা সংরক্ষণ করে থাকে না ইহা আল্লাহর ক্ষমতা বহির্ভূত বললে তার পূত:পবিত্রতা ও শান মর্যাদা অধিক সমুন্নত হবে। বিবেকের বিচারে যে কথায় আল্লাহর সমুন্নত মর্যাদা ও পরিপূর্ণ পুত:পবিত্রতার অধিক প্রকাশ পায় তাই বলা ও বিশ্বাস করা বাঞ্ছনীয় আশআরীদের মতবাদই হল, 'ইমকান বিযযাত' অর্থাৎ তিনি আল্লাহর কুদরত অসীম বিধায় তা কুদরতের আওতাভুক্ত কিন্তু তিনি তা করেন না। এমন করাটা তার অবস্থানের পরিপন্থী, তাই।

[চার]

আল্লামা দাওয়ানী আকাঈদে আদাদিয়ার ব্যাখ্যা গ্রন্থের পার্শ্বটীকা কালবুনীতে এ বিষয়ে যা আলোচনা করেছেন, তার সার সংক্ষেপ হচ্ছে : বাহ্যিক কথায় মিথ্যার অর্থ মন্দ হওয়া ক্ষুণ্নতা ও ত্রুটি নিশ্চয়। য আশাইরিগণ মানেন না। এজন্য বিদগ্ধ গ্রন্থকার বলেন, মিথ্যা কুদরতের আওতা আওতাভুক্ত বাহ্যিক কথার মর্ম অকাট্যতা প্রমাণ করায় আল্লাহর কালামে মিথ্যার কোন অবকাশ নেই। এ কথা আউলিয়ায়ে কেরাম ও উলামাগণ একমত যে, কুদরতের আওতাভুক্ত হওয়া ক্ষুন্নতার পরিচায়কনয় যে মত সকল সভাবজাত জ্ঞান, যা অকাট্য। এমত ইমাম রাজী রহ.এর ও উক্তি রয়েছে।

[পাঁচ]

ফাতহুল কাদীর গ্রন্থকার ইবনুল হুমাম তাঁর তাহরীরুর উসুল ও ইবনে আমীরুল হাজ্ব এর ব্যাখ্যা গ্রন্থে লিখেন, যেসব কার্যাবলী আল্লাহর পক্ষে সম্ভব ও তা তাঁর

Please Click Here & Join With Us

সমুন্নত মর্যাদার পরিপন্থি যেমন তাঁকে মিথ্যা বা তৎসাদৃশ্য কিছুর সাথে সম্পৃক্ত করা বস্তুত:ই সমূলে অসম্ভব। হ্যাঁ যদি আল্লাহর কাজ মন্দের সাথে সম্পৃক্তি অসম্ভব না হয় তখন প্রতিশ্রুতি বা সংবাদ এর সত্যতা উপর নির্ভর যোগ্যতা থাকবে না এবং নবুওয়াতের সত্যতা ও দৃঢ় থাকবেনা। আশাইরীয়দের মতে আল্লাহপাক এর কোন মন্দ কাজ বা তদ্বিয় বিষয়ের সাথে অন্যান্য মখলুকাতের মত আকলী দৃষ্টিকোণে অসম্ভব নয়। যেখানে সকল প্রকার জ্ঞানের সমাহার এবং একটি মাত্র ক্ষুণ্নতার বহি:প্রকাশ সেখানে জাতীয় ক্ষুণ্নতা সম্ভাব্যতা সত্তাগত বা মৌলিক হয়না কেননা একটি না হলে অপরটির অবস্থান কল্পনাই করা যায় না। যেমন মক্কা ও বাগদাদ নামক স্থানের নিশ্চিত অস্থিত্ব রয়েছে। আকলী দৃষ্টিকোণে এ দুটি স্থানের অস্থিত্ব না থাকার যৌক্তিক দিকও মেনে নেয়া যায় কারণ দুটি স্থান না থাকলেও চলত। এমন যদি হয় হবে মিথ্যার সাম্ভাব্যতা এখানে প্রযোজ্য হয় না। কারণ যৌক্তিকভাবে কোন কিছুর অস্থিত্ব কথাস্থলে মেনে নিলেতা যে হতে পারে না এমন যৌক্তিকতা বা বিশ্বাস রহিত হয়ে যায় না। সুন্নী ও মুতাজিলীদের মাঝে সংগঠনের আসাম্ভাব্যতা যৌক্তিক সাম্ভাব্যতাজনিত বিরোধ প্রতিটি বিষয়েই বিদ্যমান। মুতাজিলাগণ বলে থাকে আল্লাহ পাকের নিকট এসব কাজ ও বিষয় কুদরত বহির্ভূত। নিশ্চয় নেতিবাচক ঐ বিষয়াবলী তাঁর কুদরতের আওতাভুক্ত হলেও তিনি তা করবে না কখনো এটা হল আহলে সুন্নাত ওয়াল জামাআতের মত। অর্থাৎ আল্লাহর পক্ষ থেকে ঐ নেতিবাচক কাজ কখনো অস্থিত্ব লাভ করবেনা। আশাইরিয় মতবাদ যা এখানে উল্লেখ করা হয়েছে এমতই কাজী আদুদী মুখতাছারুল উসুল গ্রন্থের ব্যাখ্যায় টীকাকারগণ পার্শ্বটিকায়, শরহে মাকাছিদ ও চলাপির টিকাগ্রন্থসমূহ ও মাওয়াকীফ গ্রন্থে উল্লেখ করা হয়েছে। আল্লামা কাওশজি তাঁর শরহে তাজরীদ গ্রন্থে এবং কুনবী প্রমুখ গ্রন্থকার উল্লেখ করেছেন। কলেবর বৃদ্ধি না করার স্বার্থে এখানেই বিষয়ের ইতি টানা হল। আল্লাহপাক সকলেরই হেদায়াতের অভিভাবক।

السوال السادس والعشرون

ماقو لكم فى القاديانى الذى يدعى المسيحية والنبوة فان انا سا ينسبون اليكم حبه ومدحه فالمرجو من مكارم اخلاقكم أن تبينوا لنا هذه

Please Click Here & Join With Us

الاموربيانا شافيا ليتضح صدق القائلين وكذبهم ولايبقى الريب الذى حدث فى قلوبنا من تشويشات الناس-

ষড়বিংশ জিজ্ঞাসা

যে কাদিয়ানী মসীহ ও নবী হওয়ার দাবি করে তার সম্পর্কে আপনাদের অভিমত কী? কেউ কেউ বলে থাকে যে, আপনারা তার সাথে সৌহার্দপূর্ণ সম্পর্ক রাখেন এবং তাঁর প্রশংসাও করে থাকেন। আপনাদের প্রতি আমাদের সশ্রদ্ধ আশাবাদ যে, এর সুস্পষ্ট জবাব দেবেন যাতে ঐ কথকের বচনটুকুর সত্য মিথ্যা প্রকাশিত হয়ে যায়। আমাদের অন্তরে তোমাদের জন্য যে দুঃখ দাগ কাটে আশা করব তোমাদের সুস্পষ্ট জবাবে উপশম হয়ে যাবে ইনশাআল্লাহ।

الجواب

جملة قولنا وقول مشائخنا فى القادیانى الذى يدعى النبوة والمسيحية انا كنا فى بدا امره مالم يظهر لنا منه سوء اعقادبل بلغنا انه' يؤيد الاسلام ويبطل جميع الاديان التى سواه بالبراهين والدلائل نحسن الظن به على ما هو اللائق بمسلم بالمسلم وناول بعض اقو اله ونحمله على محمل حسن ثم انه لما ادعى النبوة والمسيحية وانكر رفع الله تعالى المسيح الى السماء وظهر لنا من خبث اعتقاده وزندقته افتى مشائخنا رضوان الله تعالى عليهم بكفره وفتوى

Please Click Here & Join With Us

شيخنا ومولنا رشيد احمد الكنكو هى رحمه الله فى كفر القاديانى قد طبعت وشاعت يوجد كثير منها فى ايدى الناس لم يبق فيها خفاء الا انه لما كان مقصود المبتدعين تهييج سفهاء الهند و جهالهم علينا وتنفير علماء الحر مين واهل فتيا هما وقضاتهما واشرافهما منا لانهم علموا ان العرب لايحسنون الهندية بل لا يبلغ لديهم الكتب والرسائل الهندية افتروا علينا هذه الا كاذيب فا لله المستعان وعليه التوكل وبه الاعتصام هذا والذى ذكرنا فى الجواب هو ما نعتقده وندين الله تعالى به فان كان فى رايكم حقا وصوا با فا كتبوا عليه تصحيحكم وزينوة بختمكم وان كان غلطا وبا كلا فد لونا على ما هو الحق عند كم فانا ان شاء الله لا نتجاوز عن الحق وان عن لنا فى قولكم شبهة تراجعكم فيها حتى يظهر الحق ولم يبق فيه خفاء واخر دعونا ان الحمد لله رب العلمين وصلى الله على سيدنا محمد سيد الاولين والاخرين وعلى اله وصحبه وازواجه وذريته اجمعين

Please Click Here & Join With Us

قاله بفمه ورقمه بقلمه خادم طلبة علوم الاسلام كثير الذنوب والاثام الاحقر خليل احمد وفقه الله التزدو لغد–

يوم الانثين ثامن عشر من سهر شوال ١٣٢٥

উত্তর : যে কাদিয়ানী নবুওয়াত ও মসীহিয়্যাতের দাবিদার তাঁর সম্পর্কে আমাদের অভিমত হল, প্রাথমিক পর্যায়ে তার মন্দ আকীদা সম্পর্কে আমরা জানতাম না বরং আমরা শুনেছি সে ইসলামের খিদমত করছে। ইসলাম ধর্মের বিপরীতে সকল মতবাদকে অকাট্য প্রমাণাদির দ্বারা মিথ্যা প্রমাণিত করছে তখন মুসলমানের পারস্পরিক সুসম্পর্কের মতই তাঁর সাথে আমাদের সম্পর্ক ছিল। তার প্রতি আমাদের ধারণা ছিল উত্তম। এরপর সে যখন অশালীন কথামালার অবতারণা করে উদোর পিন্ডি বুধোর ঘাড়ে চাপানোর অপ-প্রয়াসে লিপ্ত হয়ে পড়ে। যখন সে মসীহিয়াত ও নবুওয়াতের দাবি করে বসল এবং হযরত ঈসা (আ.) কে আকাশে উঠিয়ে নেয়াকে অস্বীকার করল এবং তার উদ্ভট বিশ্বাস প্রসুত জিন্দিকীয়ত যখন আমাদের কাছে প্রকাশ হয়ে গেল তখন আমাদের মাশায়েখ তাঁকে কুফরির রায় প্রদান করেন। মাওঃ রশীদ আহমদ গাংগুহী রহ.কাফির কাদিয়ানীর বিপক্ষে যে ফতওয়া দিয়েছেন তা পুস্থকাকারে প্রকাশিত হয়ে প্রচারিত হয়েছে। যা জনগণের হাতেই রয়েছে। এতে কোন প্রকার ধামাচাপার অবকাশ নেই।

অধিকন্তু বিদআতীরা হিন্দুস্তানের সাধারণ মুসলমানদের আমাদের ওপর ক্ষেপিয়ে তুলতে মক্কা ও মদীনা শরীফাইনের উলামায়ে কেরাম, বিচারপতিগণ ও গণ্যমান্য ব্যক্তিবর্গের কাছে আমাদের হেয় প্রতিপন্ন করার মানসে তারা এ অপবাদটি রটিয়ে বেড়াচ্ছে।

তারা ভালই জানে যে, আরবীয়রা হিন্দিভাষা জানে না বরং তখন পর্যন্ত ওদের কাছে হিন্দুস্তানী কোন পুস্তক পুস্তিকা পর্যন্ত পৌঁছেনি। তাই আমাদের ওপর অপবাদ রটানো খুবই সহজ হবে। আল্লাহ আমাদের সাহায্যকারী ও তিনিই ভরসাস্থল। সে রজ্জু ধরে যা কিছু উপস্থাপন করলাম তা-ই আমাদের আকীদা ও বিশ্বাস এবং ইহাই ধর্ম ইহাই বিশ্বাস।

Please Click Here & Join With Us

যদি আপনাদের কাছে আমাদের এ অভিমতসমূহ সঠিক বিবেচিত হয় তবে তা সত্যায়ন করে আমাদের কৃতার্থ ও বর্ধিত করবেন। যদি আপনাদের কাছে এর সবকিছু বা ক্ষিয়াদাংশ ভুল ধরা পড়ে তবে আমাদের জানিয়ে দিলে আমরা সংশোধিত হয়ে যাব। আপনাদের কোন কথায় আমরা দ্বিতীয়বার জিজ্ঞাসা করার প্রয়োজন মনে করলে তাই করব। যাতে করে সত্য প্রকাশে কোন প্রকার জটিলতার অবকাশ না থাকে।

আমাদের শেষ আরজ, সকল প্রশংসা আল্লাহর যিনি সমগ্র বিশ্ববাসীর প্রতিপালক অশেষ সালাত ও সালাম বর্ষিত হোক সাইয়্যিদুল আউয়ালিন ও আখেরিন হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওপর। তার বংশধর, সহচর ও আজওয়াজ ও যুররিয়তের উপর।

ইসলামী শিক্ষার্থীদের সেবক খলিল আহমদ কথায় কাজে ও কলমে এ কথাগুলো স্বীকার করলাম। ১৮ শাওয়াল ১৩২৫ হিজরী, সোমবার।

Please Click Here & Join With Us

পরিশিষ্ট ঃ 'ক'

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, "আল মুহান্নাদ আলাল মুফান্নাদ" নাম্নী পুস্তকটি ১৩২৫ হিজরী সালে মাওলানা খলিল আহমদ সাহারন পুরী রহ. গোটা দেওবন্দী উলামায়ে কেরামের পক্ষে উলামায়ে হারামাইনের প্রশ্নমালার জবাবে আত্মপক্ষ সমর্থন বা তাদের এমন কতিপয় বিতর্কিত উক্তিমালা প্রসুত আপত্তি সমূহের জবাব, যে আপত্তি সমূহ খোদ হারামাইন বাসী উলামা কর্তৃক উত্থাপন করা হয়েছিল এবং তা মাওঃ হুছাইন আহমদ মাদানী রহ. এর মাধ্যমে দেওবন্দ পাঠানো হয়েছিল। জবাব সমূহে অবশ্য তাদের প্রতি কৃত অভিযোগসমূহ খুবই সাবলীল ভাষায় বিচক্ষণতার সাথে অস্বীকার করে খন্ডন করা হয়েছে।

দুঃখের বিষয়, বাংলাদেশ তথা দেওবন্দ সংশ্লিষ্ট উলামায়ে কেরাম মিলাদ-কেরাম, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সম্মান, তাঁর ইলমের বিশালতা ইত্যাদি বিষয়ে আজও তাদের শতবছর আগের অস্বীকৃত সেই আক্বীদা-বিশ্বাস পোষণ করেন। তাঁদের লেখনি, কথামালা বা বক্তৃতাসমূহ তা-ই প্রমাণ করে। যাতে স্বভাবতই স্মারিত হয় আল্লাহর বাণী, যাতে আল্লাহ কথাও কাজে সামঞ্জস্য বিহীন বান্দাহদের উদ্দেশ্যে ইরশাদ করেন-

كبر مقتا عند الله ان تقولوا مالاتفعلون_الايه

শত বছর আগে আনুষ্ঠানিক ভাবে স্বীকার করে শতবছর পরে ভুলে যাওয়া বা এর বিপরিতে চলা-বলা, আত্মভোলা হয়ে গেলে তো ঐ পূর্বসুরীদের সাথে বিশ্বাস ঘাতকতা হবে নিশ্চয়। ভুলে যাবার উপায় নেই কারণ, কালির আচড়ে তা মওজুদ রয়েছে এবং ঐ আক্বীদা ও বিশ্বাসকে দেওবন্দী সুন্নী আক্বীদা বলে প্রিন্ট মিডিয়ায় প্রচার করা হচ্ছে আজও। যদিও আহলে সুন্নাত ওয়াল জময়াতে ভারতী পাকিস্তানী বা বাংলাদেশী অথবা দেওবন্দী নতুবা নাওবন্দী পাওবন্দী কোন দল নেই। চার মাযহাবের অনুসারী। সকল উম্মতে মুসলিমা আহলে সুন্নাত ওয়াল জামায়াতের অনুসারী এখানে ফেরকাবাজীর অবকাশ নেই। কথায় আছে- বৃক্ষ তোমার নাম কী? ফলে পরিচয়। পাঠকবর্গ পরিশিষ্ট 'খ' তে দেখুন ... আমার কথা নয় বরং তাদেরই -ওদেরই।

Please Click Here & Join With Us

পরিশিষ্ট ঃ 'খ'

প্রসঙ্গ ঃ কিতাবের নামকরণঃ-

মাওঃ মজহর হুসাইন ঝিলামী ১৩৮২ হিজরী রামাদ্বান মাসে বলছেন, এ মুহান্নদ কিতাবখানি অনেকবার "আকাইদে উলামায়ে দেওবন্দ" নামে বহু ভাষায় তরজমা করে বাজারে প্রকাশ করা হয়েছে। তার সাথে নতুন পুরাতন সত্যায়ন মালা ও ভূমিকা সংযোজন করা হয়েছে। তাই বাংলা ভাষায় অনুবাদকৃত এ বই এর নাম দেওয়া হল- "দেওবন্দী আহলে সুন্নাতের আকীদা"।

گو "المہند" کا اردو ترجمہ عقائد علمائے دیوبند کے نام سے متعدد بار شائع ہوا ہے، لیکن عربی متن مع ترجمہ اردو عرصہ سے نایاب تھا۔ جس کی علمائے کرام کو طلب تھی۔ الحمدللہ اس تاریخی دستاویز کی جدید طباعت واشاعت کی سعادت حق تعالیٰ نے پاکستان میں رفیقِ محترم حضرت مولانا عبداللطیف صاحب جہلمی زید مجدہم مجاز حضرت لاہوریؒ کو نصیب فرمائی ہے۔ جن کی مساعی سے یہ علمی وعرفانی ہدیہ اہل اسلام کی خدمت میں پیش ہو رہا ہے۔ اللہ تعالیٰ اس بندۂ ناکارہ اور جُملہ مُسلمانوں کو سلفِ (ا) صالحین، محققین اہل السنّت اور اکابرِ دیوبند کے مسلکِ حق پر قائم رکھیں۔ آمین!

بحرمتِ سیّد المرسلین صلی اللہ علیہ وآلہ وسلم۔

الاحقر مظہر حُسین غفرلہٗ

مدنی جامع مسجد، چکوال

ضِلع جہلم

۲۳ رمضان المبارک ۱۳۸۲ھ

Please Click Here & Join With Us

পরিশিষ্ট ঃ 'গ'

ইত্তেহাদ বুক ডিপো, দেওবন্দ (ইউ পি)
প্রকাশিত কিতাবের দ্বিতীয় প্রচ্ছদ



المهنّد على المفنّد

یعنی

عقائد

علماء اہل سنّت دیوبند رحمہم اللہ

تالیف: فخر المحدثین حضرت مولانا خلیل احمد سہارنپوری قدس اللہ سرہ العزیز
المتوفی ۱۳۴۶ھ

باضافہ عقائد اہل السنّۃ والجماعۃ

حضرت مولانا مفتی عبدالشکور ترمذی مدظلہم

تصدیقات قدیمہ وجدیدہ مع مقدمہ
حضرت مولانا قاضی مظہر حسین صاحب مدظلہ

اتحاد بک ڈپو دیوبند ۲۴۷۵۵۴ (یوپی)

Please Click Here & Join With Us

পরিশিষ্ট ঃ 'ঘ'

পরিশিষ্ট 'গ' বর্ণিত কিতাবের তৃতীয় প্রচ্ছদ



Please Click Here & Join With Us

পরিশিষ্ট ঃ 'ঙ'

এ কিতাবখানা রচনা বা জবাব সমূহ তৈরির পর পূর্বোক্ত মাধ্যমেই আবারও তা মক্কা শরীফ ও মদীনা শরীফে প্রেরণ করা হয়েছিল। তদানীন্তন উলামায়ে কেরাম যারা এ কেতাব বা জবাব সমূহকে বিশুদ্ধ বা জবাব প্রসূত আক্বিদা সমূহ কে সঠিক বলে রায় দিয়েছেন, তাদের কতিপয় উলামায়ে কেরাম হচ্ছেন ঃ-

১. মক্কা শরীফ

ক. শায়খ মুহাম্মদ সাঈদ বাবুছাইল (শাফী) রহ. ইমাম ও খতীব, মসজিদুল হারাম।
খ. শায়খ আহমদ রশিদ আল হানাফী রহ. ১৯ জিলাহজ্ব ১৩২৮ হিজরী বৃহস্পতিবার।
গ. শায়খ মুহ্বিবুদ্দীন, মুহাজিরে মক্কী (হানাফী) রহ.।
ঘ. শায়খ মুহাম্মদ ছিদ্দিক আফগানী মক্কী রহ.।
ঙ. শায়খ মুহাম্মদ আবেদ রহ. মুফতি মালেকী, মক্কা শরীফ।
চ. শায়খ মুহাম্মদ আলী বিন হুছাইন মালেকী রহ. শিক্ষক ও ইমাম, মসজিদুল হারাম।

২. মদীনা শরীফ

ক. শায়খ সাইয়্যিদ আহমদ বরজিঞ্জি রহ. সাবেক মুফতি, মসজিদে নববী স. ২ রবিউল আউয়াল, ১৩২৯ হিজরী।
খ. রাসুজি ওমর রহ.
শিক্ষক মাদরাসাতুশ শিফা, মদীনা, ১৩২৬ হিজরী।
গ. শায়খ মুল্লা মুহাম্মদ খান রহ.
বুখারী শরীফের শিক্ষক, হারামে নববী স. ১৩২৬ হিজরী।
ঘ. শায়খ সাইয়িদ আহমদ আল জাযাইরী, মুফতি মালেকী হরমে নববী স.।
ঙ. শায়খ ওমর বিন হামদান আল মাহরী রহ.
উস্তাদুল হাদীস, হারামে নববী স.।
চ. শায়খ মুহাম্মদ জকী আল বারজিঞ্জী রহ.
উস্তাদুল হাদীস হারামে নববী স.।
ছ. শায়খ খলিল বিন ইবরাহীম রহ.।
জ. শায়খ মুহাম্মদ আল আজীজ আল ওয়াজির তিউনিশী রহ.।
ঝ. শায়খ মুহাম্মদ সুসী আল খিয়ারী রহ.।
এমত আরও ১৮ জন বিজ্ঞ আলেমের সত্যায়ন নেয়া হয়েছে।

Please Click Here & Join With Us

৩. মিসরঃ-
শায়খ সলিম আলবুসরা, আল আজহার বিশ্ব বিদ্যালয়

৪. দামেশক (সিরিয়া)
ক. শায়খ সাহয়িদ আবুল খায়র মুহাম্মদ আবেদীন
(শামী কেতাবের মুসান্নিফের নাতী)
খ. শায়খ মুস্তাফা বিন আহমদ শাত্তি হাম্বলী রহ.
গ. শায়খ মাহমুদ রশীদ আল আত্তার রহ.
ঘ. শায়খ মুহাম্মদ আলবুশী হামবী রহ.
ঙ. শায়খ মুহাম্মদ সাঈদ হামবী রহ.
চ. শায়খ মুহাম্মদ সাঈদ রহ. ১৭ বরিউস সানী ১৩২৯ হিজরী।
এমত আরও ছয়জন বিজ্ঞ আলেমের সত্যায়ন গ্রহণ করা হয়েছে।

৫. তাছাড়া ও দেওবন্দী উলামা সহ. বাংলাদেশ ভারত পাকিস্তানের ২৪ জন বিখ্যাত উলামায়ে কেরামের সত্যায়ন রয়েছে এ জবাবী কেতাবে। উপমহাদেশে ঐ সব উলামায়ে কেরাম রামপুরী ও দেওবন্দী আলেম গণের রাহবর।
কিন্তু অনুশোচনা হয় এ জন্য যে, দেওবন্দী বর্তমান আলেমগণ বা তাদের অনুসারী ভিনদেশী আলেমগণ কেন তাদের পূর্বসুরীদের আক্বীদা বিশ্বাস থেকে দূরে অবস্থান করছেন! আল্লাহই ভাল জানেন!

আশা করব, বাংলা ভাষী মুসলমান ও আলেম সমাজ এ বইটি পড়ে সত্য অনুধাবনে সক্ষম হবেন। তাতেই অধমের এ শ্রম সফল হবে।

اللهم ربنا ارنا الحق حقا وارزقنا اتباعه وارنا الباطل باطلا وارزقنا
اجتنابه وامتنا على اهل السنة والجماعة وصلى الله على سيدنا
وحبيبنا محمد واله وصحبه اجمعين۔ امين۔

-●-

Please Click Here & Join With Us

Al Habib Foundation Bangladesh

Please Click Here & Join With Us